

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রবাসে ভোট প্রদানের জন্য রেজিস্ট্রেশন বিষয়ক জরুরী বিজ্ঞপ্তি

তুরস্কে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশীকে আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে সকল প্রবাসী যারা ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়েছেন (অর্থাৎ যাদের এনআইডি আছে) তারা প্রবাসে থেকেই ভোট প্রদান করতে পারবেন। প্রবাসে থেকে ভোট প্রদান প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হলে প্রত্যেক ভোটারকে তথ্য প্রযুক্তির সহায়তায় তথ্য নির্বাচন কমিশন কর্তৃক প্রস্তুতকৃত Postal Vote BD অ্যাপ-এ নিবন্ধনের মাধ্যমে ডাকযোগে ব্যালট পেপার প্রাপ্তির আবেদন করতে হবে। অ্যাপের মাধ্যমে আপনার প্রদত্ত ঠিকানায় নির্বাচন কমিশন ডাকযোগে ব্যালট পেপার প্রেরণ করবে এবং আপনি ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। তুরস্ক থেকে এ **নিবন্ধন/আবেদনের সময়সীমা ২৯ নভেম্বর ২০২৫ থেকে ৩ ডিসেম্বর ২০২৫**।

রেজিস্ট্রেশনের জন্য যে সকল ডকুমেন্ট/ উপকরণ প্রয়োজন হবেঃ

১. একটি টাচ মোবাইল (এ্যান্ড্রয়েড অথবা আইফোন)
২. তুরস্কের একটি মোবাইল সিম (যে নম্বরে ওটিপি আসবে) [একই ফোন নম্বর একাধিক ব্যক্তি ব্যবহার করতে পারবেন না।]
৩. এনআইডি/ভোটার আইডি মূল অথবা ফটোকপি
৪. পাসপোর্ট মূল অথবা ফটোকপি
৫. প্রবাসে যে ঠিকানায় ডাকযোগে 'ব্যালট পেপার' পেতে চান উক্ত পূর্ণাঙ্গ ঠিকানা।

রেজিস্ট্রেশনের ধাপ সমূহঃ

১. Play Store বা App Store থেকে Postal Vote BD অ্যাপটি ডাউনলোড করুন।
২. তুর্কী মোবাইল নাম্বার ব্যবহার করে অ্যাকাউন্ট ওপেন করুন।
৩. মোবাইল নম্বর ও পাসওয়ার্ড ব্যবহার করে অ্যাকাউন্টে লগ ইন করুন।
৪. আপনার মোবাইল সেট দিয়ে এনআইডি এর সম্মুখভাগ (Front page)- এর ছবি তুলুন
৫. আপনার যথার্থতা (liveliness) নিশ্চিতের জন্য নিজের ছবি ও সেলফি তুলুন
৬. নিজ পাসপোর্টের তথ্য প্রদান করুন (পাসপোর্টের তথ্য প্রদান ঐচ্ছিক/অপশনাল)
৭. ডাকযোগে ব্যালট প্রাপ্তির জন্য ঠিকানা প্রদান করুন
৮. আপনার নিবন্ধন সম্পন্ন হওয়ার বার্তা লক্ষ্য করুন

[পরের পৃষ্ঠায় একটি ডায়াগ্রামের মাধ্যমে রেজিস্ট্রেশনের ধাপগুলো দেখানো হয়েছে। এছাড়া Postal Vote BD অ্যাপটি ওপেন করলে সেখানে ভিডিও চিত্রের মাধ্যমে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সহজভাবে দেখানো হয়েছে।]

প্রবাস থেকে ভোট প্রদান সংশ্লিষ্ট কয়েকটি অতি গুরুত্বপূর্ণ তথ্যঃ

- যাদের এনআইডি/ভোটার আইডি আছে শুধুমাত্র তারাই এ প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবেন। যারা এ যাবত এনআইডি করেননি তারা আসন্ন নির্বাচনে অংশ নিতে পারবেন না।
- মূল এনআইডি সাথে না থাকলে ফটোকপি থাকলেও নিবন্ধন করতে পারবেন। মূল অথবা ফটোকপি না থাকলে অনলাইন থেকে ডাউনলোড করে নিতে পারবেন।
- ডাকযোগে ব্যালট প্রাপ্তির ঠিকানা যথাযথ হতে হবে। অন্যথায় আপনি ব্যালট পেপার নাও পেতে পারেন।
- যে ঠিকানা ও ফোন নাম্বার আপনি ব্যবহার করবেন তা আর পরিবর্তনের সুযোগ থাকবে না। তাই যথাযথভাবে সতর্কতার সাথে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করুন।
- যিনি প্রবাস থেকে ভোট প্রদানের জন্য নিবন্ধন করবেন, তিনি পরবর্তীতে বাংলাদেশে গিয়ে ভোটকেন্দ্রে সরাসরি ভোট দিতে পারবেন না। তাই কোন প্রবাসী ভোট অনুষ্ঠানকালে যদি বাংলাদেশে থাকার ও সেখান থেকে সশরীরে ভোট প্রদানের পরিকল্পনা করেন তবে প্রবাস থেকে নিবন্ধন করবেন না। প্রবাস থেকে ভোটের জন্য নিবন্ধন করলে বাংলাদেশের ভোট কেন্দ্রের ভোটার তালিকা থেকে আপনার নাম বাদ যাবে।
- তুরস্কে বসবাসকারী প্রবাসীরা অবশ্যই ২৯ নভেম্বর থেকে ৩ ডিসেম্বর ২০২৫ (২৮ নভেম্বর রাত ১২.০১ ঘটিকা থেকে ৩ ডিসেম্বর রাত ১১.৫৯ ঘটিকা) এ সময়সীমার মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করুন।
- ভোটদান একটি অত্যন্ত গোপনীয় ও ব্যক্তিগত বিষয়। তাই ভোট দান প্রক্রিয়ায় গোপনীয়তা অত্যন্ত জরুরী। অতএব রেজিস্ট্রেশনের জন্য ব্যবহৃত মোবাইল সেট ও মোবাইল নম্বর এবং ব্যালট পেপার প্রাপ্তির ঠিকানা অবশ্যই আপনার নিজের হতে হবে। তবে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পাদনের জন্য অন্যের সহায়তা নেয়া যেতে পারে।
- নির্বাচন কমিশন ফিরতি খামসহ ব্যালট পেপার পাঠাবে। তাই ভোটারের কোন অর্থ ব্যয় হবে না।
- ব্যালট পেপার পাওয়ার পর ভোট দান প্রক্রিয়া সম্পর্কিত বিস্তারিত গাইডলাইন দেয়া হবে।

আপনি নিজে রেজিস্ট্রেশন করুন। সকল প্রবাসীদের মাঝে তথ্যটি ছড়িয়ে দিন এবং রেজিস্ট্রেশনের পরস্পর সহায়তা করুন রেজিস্ট্রেশন সংক্রান্ত যে কোন জিজ্ঞাসা বা পরামর্শের জন্য সরাসরি নির্বাচন কমিশন +৮৮০৯৬১০০০১০৫ এ যোগাযোগ করুন

পোস্টাল ভোটিং (আইটি সাপোর্টেড) তালিকাভুক্ত প্রক্রিয়া

১

মোবাইল অ্যাপ ডাউনলোড করুন



৬

সজীবতা পরীক্ষা
(Liveness Check)



বায়ু পাশের ছবি



ডান পাশের ছবি

২

নতুন অ্যাকাউন্ট
তৈরি করুন

আপনার ডেটাবেসের নিশ্চিত করার জন্য
দ্রুত এবং সহজ পদ্ধতিতে রেজিস্ট্রেশন
সম্পন্ন করুন।



৭

সেলফি তুলুন



৩

OTP
যাচাইকরণ

নিচের নম্বরে OTP পাঠানো হয়েছে
(+44) 000 0000



৮

আপনার
পাসওয়ার্ডের তথ্য

হংশাক্ষর নাম / Surname

প্রদত্ত নাম / Given Name

পাসওয়ার্ড নাম

৪

আপনার অ্যাকাউন্ট
লগইন করুন

আমাদের সেন্সিটিভ অপারেশন করতে লগইন
করুন। "নতুন ইউজার হলে, রেজিস্ট্রেশন
করুন।"



৯

ব্যালিট প্রাপ্তির
চিকানা

(এই চিকানায় ব্যালিট পাঠানো হবে)

বাসা নম্বর, জ্যাট নং/ব্লক নং

ফ্লট

ফ্লট

৫

নিবন্ধনের জন্য
জাতীয় পরিচয়পত্রের ছবি তুলুন



১০



আপনার পোস্টাল ব্যালিট পেপার এর
আবেদন অনুমোদন হয়েছে